

## বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ফের নিয়োগ বাণিজ্যের সুযোগ ডিসেম্বর পর্যন্ত!

### যুগান্তর রিপোর্ট

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় নিয়োগ বাণিজ্যের আবারও সুযোগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত এসব প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি তিন শর্তে প্রবেশ পদে শিক্ষক নিয়োগ করতে পারবে। বুধবার এক সার্কুলারে এসব তথ্য জানিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে সংশ্লিষ্টরা জানিয়েছেন, মন্ত্রণালয়ের এমন সিদ্ধান্তের কারণে বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োগে শেষবারের মতো বাণিজ্যের রাস্তা উন্মোচিত হবে। ডিসেম্বর নাগাদ আড়াই মাসে অন্তত সাড়ে ৪শ' কোটি টাকার বাণিজ্য হবে। এ কারণে এই সুযোগ দেয়া উচিত হয়নি বলে মনে করেন সংশ্লিষ্টরা।

মন্ত্রণালয়ের দেয়া শর্তগুলো হচ্ছে— এসব নিয়োগের ক্ষেত্রে বিজ্ঞপ্তির প্রকাশকাল থাকতে হবে গত বছরের ২১ অক্টোবরের আগে। পাশাপাশি এসব নিয়োগের কার্যক্রম শেষ পর্যায়ে থাকতে হবে। যেসব প্রতিষ্ঠান শূন্য পদের জন্য এনটিআরসিএতে (জাতীয় শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ) শিক্ষকের জন্য চাহিদা দিয়েছে তারা

এই নিয়োগ দিতে পারবে না।

জানতে চাইলে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মাধ্যমিক) জাকির হোসেন ডুএগা যুগান্তরকে বলেন, প্রবেশ পদে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটি সার্কুলার জারি হয়েছে। যেসব প্রতিষ্ঠান ২১ অক্টোবরের আগে নিয়োগের বিজ্ঞপ্তি দিয়ে নিয়োগ প্রক্রিয়া আংশিক বা শেষ পর্যায়ে নিয়ে গিয়েছিল, তারা এই সুযোগটি পাবে। কিন্তু বিজ্ঞপ্তি প্রকাশের পর ডিজি (মহাপরিচালক) প্রতিনিধি চায়নি, কেবল বিজ্ঞপ্তি দিয়েছিল তারা এই সুযোগ পাবে না। তাদের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশের ৬ মাসের মধ্যে নিয়োগ-সম্পন্ন সাধারণ স্ট্যান্ডিং অর্ডার (স্থায়ী আদেশ) কার্যকর হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের সহকারী সচিব অসীম কুমার কর্মকার স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে বলা হয়, '২০১৫ সালের ৩০ ডিসেম্বর জারিকৃত পরিপত্রে প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার, সহকারী সুপার, অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ কর্মচারী নিয়োগের বিষয়ে উল্লেখ আছে। পত্রে বর্ণিত সূত্রে কোনো শিক্ষা

■ পৃষ্ঠা ৭ : কলাম ২